## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৭ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৫ ইংরাজী 21st May. 1958 { ১ম সংখ্যা

৩১শে বৈশাখ ১৮৭৯ শকাব্দ




হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৭ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৫ সাল।

# জঙ্গিপুর সংবাদের পঞ্চচত্বারিংশত্তম বর্ষপ্রবেশ

—•—

আজ জঙ্গিপুর সংবাদ তাহার চুয়াল্লিশ বৎসর বয়স অতিক্রম করিয়া পঁয়তাল্লিশ বৎসরে পদার্পণ করিল। আমরা জঙ্গিপুর সংবাদের এই জন্মদিনে আমাদের গ্রাহক-গ্রাহিকা, পাঠক-পাঠিকা, বিজ্ঞাপন-দাতা ও হিতাকাঙ্ক্ষিগণের প্রত্যেককে যথাযোগ্য প্রণাম, নমস্কার ও শুভেচ্ছা জানাইয়া আন্তরিক কৃতজ্ঞতা নিবেদন করিতেছি।

প্রাসাদের উচ্চতম ছাদে ধনীর সন্তান যখন সুন্দর লাটাই, লাটাইভরা সূতা লইয়া নানা বর্ণের ঘুড়ি উড়াইয়া অন্যের ঘুড়ি কাটিয়া দিয়া বিজয়োল্লাসে চীৎকার করিয়া আত্মপ্রসাদ লাভ করে, তখন অন্নের কাঙালিনী ছিন্নবাস পরিহিতা বিধবা-সন্তান মায়ের কাছে ঘুড়ি উড়াইবার আব্দার করিয়া কান্না সুরু করে। মা তখন তাঁহার জীর্ণ বস্ত্রের এক প্রান্ত হইতে একটি পাড় ছিঁড়িয়া তার অগ্রভাগে এক টুকরা কাগজ বাঁধিয়া দেন। বালক তাই নিয়ে রাস্তায় রাস্তায় দৌড়িয়া ধনী নন্দনের মত ঘুড়ি উড়ানোর সখ তাহাতেই মিটাইয়া থাকে। সংবাদ পত্র সমাজে এই "লিলিপুটিয়ান" ক্ষুদ্রাদপি ক্ষুদ্র কাগজের দশা ঠিক সেই রকম।

দুই দুইটি মহাযুদ্ধের প্রকোপ এই ক্ষুদ্র কাগজকে সামলাইতে হইয়াছে। ক্ষমতাপন্ন শাসক কর্মচারী ইহার উপর তাঁহার সমস্ত কোপ প্রয়োগ করিয়াছেন, তবুও এই কাগজখানি জনসাধারণের কৃপায় আজ পঁয়তাল্লিশ বৎসরে পদার্পণ করিয়া স্বীয় অস্তিত্ব বজায় রাখিবার জন্য প্রাণপণ চেষ্টা করিতেছে। ভরসা—"সত্যমেব জয়তে"।

# "সত্যমেব জয়তে"

ধর্মনিরপেক্ষ রাজ্য ভারত বহু ধর্মাবলম্বী লোক দ্বারা অধ্যুষিত। এখানে হিন্দুগণ স্ব স্ব বিশ্বাস অনুসারে পত্রাদি লিখিবার সময় পত্রের শীর্ষদেশে শ্রীদুর্গা, শ্রীহরি, শ্রীগুরু ইত্যাদি লিখিয়া থাকেন। বাঙ্গালী মুসলমানগণ পূর্ব্বে শ্রীশ্রীহকনাম, এখন বিসমিল্লা রহমানের রহিম ইত্যাদি লিখিয়া থাকেন।

কোন্ উর্ব্বর মস্তিষ্ক হইতে "সত্যমেব জয়তে" বাক্যটি উদ্ভূত হইয়াছে, ইহা সব ধর্মের পক্ষে প্রযোজ্য। "সত্য" সব ধর্মেই পবিত্র এবং মিথ্যা সব ধর্মেই অপবিত্র ও নিন্দনীয়। একটি ঘটনায় ভারতের রাজশক্তি কিঞ্চিৎ বিরক্ত হইয়া ঘটনার মূলীভূত ব্যক্তিকে প্রকাশ্যে নানাবিধ কটু কাটব্য বলিতেও ইতস্ততঃ করে নাই। ঘটনাটি পশ্চিম-বঙ্গের বিচার ও আইনমন্ত্রী অবিচার ও বে-আইনী ব্যাপার সহ্য করিতে না পারিয়া এই সকল অপকর্ম-কারীর নাম করিয়া বিধান সভার হাটে হাঁড়ি ভাঙ্গিয়া নিজে এই দলের একজন মন্ত্রী হইয়া থাকিতে ঘৃণা প্রকাশ করিয়া মন্ত্রিত্ব এবং কংগ্রেস সদস্য পদ ত্যাগ করিয়াছেন। সদরের একজন নয় কয়েকজন ব্যক্তি তাঁহাকে নিন্দাবাদ করিয়া দোষারোপ করিতে ছাড়েন নাই। সত্যের এমনি ক্ষমতা যে ভারতীয় কংগ্রেসের সভাপতি ইউ, এন, ডেবর এবং ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু কংগ্রেসের এবং কংগ্রেস সরকারের সদস্য ও কর্মচারীদিগের দোষ ক্রুটী উল্লেখ করিয়া তাহাদের সৎ হইবার জন্য সদুপদেশ বর্ষণ করিতে ক্রুটি করেন নাই। আমরা ইহাদের উভয়কেই সসম্মানে জিজ্ঞাসা করি যদি সমস্ত ভারতের কংগ্রেস এবং কংগ্রেস সরকারের ঘরে আদর্শহীনতা এবং দুর্নীতি ঢুকিয়া থাকে তবে পশ্চিম বাংলার আইন মন্ত্রী শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় দুর্নীত ব্যক্তিদের নাম করিয়া যে হাটে হাঁড়ি ভাঙ্গিয়া দুর্নীতদের দল ত্যাগ করিয়া নিজে স্বতন্ত্র-ভাবে তাঁহার নির্ব্বাচকদের নিকট পুনরায় ভোট প্রার্থী হইয়া দাঁড়াইয়াছেন ইহা কি নীতিসম্মত নহে? আর ঢাক ঢাক গুর্ গুর্ করা চলে না, প্রধান মন্ত্রী মহাশয় লম্বা ছুটি লইয়া হিমালয়ের পাদদেশে যাইয়া স্বস্তি ও শান্তি পাইতে চাহিয়া-ছিলেন। শ্রীডেবরও সদস্যগণের নিকট প্রধান মন্ত্রীর বিরক্তির কারণ উল্লেখ করিয়া উঁহাদের অতি-মানবের দলের দলগত পরিশুদ্ধির উপদেশ বর্ষণ করিয়াছেন। কেবল পশ্চিমবঙ্গের আইন মন্ত্রী শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়ের মত ইঁহারা ছাড়েন নাই বলিয়া সিদ্ধার্থ অপরিণত বয়স্ক বলিয়া নিন্দিত হইয়াছেন?

—

# নারীকে এত ভয়!

ভারতের রাজধানী দিল্লী সহরের বুকের উপর মৃদুলা সারাভাই নাম্নী জনৈকা মহিলা ভারত রাষ্ট্র বিরোধী বক্তৃতা করিয়াছে। পাকিস্থানে তার বক্তৃতা ফলাও করিয়া কাগজে ছাপাইয়া প্রচারিত হইয়াছে। কাশ্মীরের প্রধান মন্ত্রী বক্সী গোলাম মহম্মদ এই কথা স্বয়ং ভারতের প্রধান মন্ত্রীর গোচরে আনিয়াছেন। লোক সভায় এ কথা উঠিয়াছে। প্রধান মন্ত্রী বলিয়াছেন—মৃদুলা সব মিথ্যা প্রচার করিয়াছে। তবে কি করা যায়? ভারতের প্রধান মন্ত্রী ভারত রাষ্ট্র বিরোধিনীর বিরুদ্ধে কিছু করিতে অ[illegible]রগ? বল মা তারা। দাঁড়াই কোথা!

—

পশ্চিমবঙ্গ

# জাতীয় রক্ষীবাহিনী

## মুর্শিদাবাদ জেলা হইতে শিক্ষানবীশ সংগ্রহ

পশ্চিমবঙ্গ জাতীয় রক্ষীবাহিনীর মুর্শিদাবাদস্থ জেলা [illegible]ণ্ডাণ্ট শিক্ষণের জন্য মুর্শিদাবাদ জেলা হই[illegible]৮৫ জন প্রার্থী সংগ্রহ করিবেন। তন্মধ্যে স[illegible] মহকুমা হইতে ৩০ জন, লালবাগ মহকুমা হইতে ২০ জন, জঙ্গীপুর মহকুমা হইতে ২০ জন এবং কান্দী মহকুমা হইতে ১৫ জন প্রার্থী লওয়া হইবে। মুর্শিদাবাদের জেলা শাসকের সহিত পরামর্শক্রমে মুর্শিদাবাদের পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট গ্রাম প্রতিরক্ষীদলের ভিতর হইতে পনের জন প্রার্থী সংগ্রহ করিবেন।

প্রার্থিগণকে অবশ্যই মুর্শিদাবাদ জেলার স্থায়ী বাসিন্দা হইতে হইবে এবং তাঁহাদের বয়স ১৮ হইতে ২৫ বৎসরের মধ্যে হওয়া চাই। তাঁহাদের

ওজন ন্যূনপক্ষে ১০০ পাউণ্ড হইতে হইবে ও উচ্চতা এবং বক্ষের পরিমাণ যথাক্রমে ৫ ফুট ২ ইঞ্চি (পার্বত্যলোকদের বেলায় ৫ ফুট) এবং ৩০ ইঃ—৩২ ইঃ হওয়া চাই। প্রার্থিগণের কোনরূপ ত্রুটি থাকা চলিবে না। পাকিস্তান হইতে আগত প্রার্থীদের তাঁহাদের নাগরিকত্ব অর্জন সম্পর্কে জেলা কমাণ্ডান্টের প্রতীতি জন্মাইতে হইবে। প্রার্থিগণের পশ্চিমবঙ্গ জাতীয় রক্ষীবাহিনীর ভূতপূর্ব্ব সদস্য হওয়া চলিবে না এবং স্বেচ্ছাপূর্বক এতৎ সম্পর্কে কোন তথ্য গোপন করা হইলে কঠোর ব্যবস্থা অবলম্বন করা হইবে। নবগৃহীত লোকদের শ্রমসাধ্য শিক্ষণের জন্য প্রস্তুত থাকিতে হইবে এবং শিক্ষণকেন্দ্রে নাম তালিকাভুক্ত হওয়ার অব্যবহিত পরেই তাঁহারা স্বেচ্ছায় কার্যমুক্তির অনুরোধ করিতে পারিবেন না। তাঁহাদের চরিত্র এবং প্রাক্‌পরিচয় পুলিশের পক্ষে সন্তোষজনক হওয়া চাই। তাঁহাদিগকে জেলা ব্যাটালিয়নের কার্য করিতে এবং উপযুক্ত প্রাধিকারিগণের দ্বারা আহূত হইলে, বিভিন্ন আপৎকালীন কর্ত্তব্যপালন করিতেও প্রস্তুত থাকিতে হইবে। কর্মসন্ধানীদের লোকসংগ্রহ অফিসে ভিড় করিবার প্রয়োজন নাই। কিন্তু প্রত্যেকটি ক্ষেত্রের গুণানুসারে জেলা কমাণ্ডান্ট কর্তৃক প্রাথমিক নির্বাচনের ভিত্তিতে, জেলা ব্যাটালিয়ানের কার্যকারী এবং জনস্বার্থে অবিলম্বে আপৎকালীন কর্ত্তব্য পালনকারী ভলান্টিয়ারদের মধ্য হইতে সময় সময় বি, [illegible] পি, পশ্চিমবঙ্গ পুলিশ রেলওয়ে নিরাপত্তা বাহিনী, রেলরক্ষী বাহিনী, বাণিজ্য বহর প্রভৃতিতে লোকনিয়োগ করা হইয়া থাকে।

জেলা ব্যাটালিয়ানের ফার্ষ্ট কোম্পানীর বরাদ্দ পূরণার্থ বহরমপুর, বেলডাঙ্গা, কান্দী, ভরতপুর, লালগোলা, ভগবানগোলা, জিয়াগঞ্জ, মুর্শিদাবাদ, সুতী, সাগরদীঘি এবং রঘুনাথগঞ্জ থানা এলাকার লোকদের অগ্রাধিকার দেওয়া হইবে। লোকসংগ্রহের কর্মসূচী নিম্নে দেওয়া হইল। লোক গ্রহণের সময় নির্দ্ধারিত তারিখে বেলা ১-৩০ মিনিট হইতে ৪টা।

কান্দী মহকুমার জন্য— ৫ই, ৬ই, ৭ই জুন, ১৯৫৮, স্থান কান্দী মহকুমা হাসপাতাল।

লালবাগ মহকুমার জন্য— ২রা, ৩রা, ৪ঠা জুন, ১৯৫৮, স্থান লালবাগ মহকুমা হাসপাতাল।

## টোপ দিয়ে শিকার শিকারী স্বীকার করে না।



শিকাররাও স্বীকার করে

জঙ্গীপুর মহকুমার জন্য— ২৯শে, ৩০শে, ৩১শে মে, ১৯৫৮, স্থান জঙ্গীপুর মহকুমা হাসপাতাল।

সদর মহকুমার জন্য— ২৬শে, ২৭শে, ২৮শে মে, ১৯৫৮, স্থান সদর পুলিশ হাসপাতাল।

প্রার্থিগণকে পূর্ব্বলিখিত তারিখ এবং সময়ে স্ব স্ব লোকগ্রহণ অফিসে পশ্চিমবঙ্গ জাতীয় রক্ষীবাহিনীর মুর্শিদাবাদের জেলা কমাণ্ডান্টের নিকট উপস্থিত হইতে হইবে।

গৃহ হইতে লোকগ্রহণ অফিসে যাতায়াতের জন্য প্রার্থীদের কোন পাথেয় বা খোরাকী দেওয়া হইবে না। কিন্তু যে সকল প্রার্থী চূড়ান্তভাবে নির্বাচিত হইবেন তাঁহাদিগকে ১৯৫৮ সালের ১৭ই জুলাই সরকারী খরচে শিক্ষা কেন্দ্রে প্রেরণ করা হইবে। শিক্ষণ কালে নবগৃহীত লোকদের বিনা মূল্যে আহার, বাসস্থান, পোষাক ও থলি (কিট্) এবং মাসিক ৭ টাকা পকেট ভাতা দেওয়া হইবে।

—প্রেস





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ,
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

**ইলেকট্রিক সলিউসন**

— দ্বারা —

**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**




আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, [illegible] ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, স্মৃতি[illegible], ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মৃ[illegible] রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মা[illegible]দি ১৵৹ এক টাকা তিন আনা।

[illegible] এজেন্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড সন্স**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত, কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত